কোটচাঁদপুরে বিএনপির ইফতার মাহফিল ও অবস্থান কর্মসূচি পালিত

বিএপির জাতীয় নির্বাহী কমিটির সহ-তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল বলেছেন, বর্তমান সরকার খালেদা জিয়াকে ভয় পায়। তাই তাকে কারাবন্দি করে রেখেছে। এই সরকারের আমলে কোন সুষ্ঠু নির্বাচন সম্ভব নই। তাই তিনি নিরপেক্ষ সরকারের অধিনে নির্বাচনের দাবি করেন।

গতকাল শনিবার বিকেলে কেন্দ্রীয় ঘোষিত ১০ দফা বাস্তবায়নের দাবিতে ঝিনাইদহের কোটচাঁদপুরে উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে উপজেলা বিএনপি দলিও কার্যালয়ে সামনে অবস্থান কর্মসূচীতে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন।

তিনি আরও বলেন, এই সরকার জনগণের সাথে না পেরে পুলিশকে দিয়ে বিএনপি নেতা কর্মীদেরকে গ্রেপ্তার করাচ্ছে। অবস্থান কর্মসূচি বানচাল করার জন্য বিএনপি নেতা কর্মীদের বাড়িতে বাড়িতে তল্লাশির নামে হয়রানি করছে। রাজপথে নামতে বাধা দেওয়া হচ্ছে জানিয়ে তিনি তিব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করে বলেন, সাধারন মানুষের ন্যায্য অধিকার আদায়ের লক্ষে আমরা রাজ পথে থাকবো হামলা মামলা দিয়ে আমাদের দাবিয়ে রাখা যাবেনা। উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে ও উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলীর সঞ্চালন।

অবস্থান কর্মসূচীতে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আবু বকর বিশ্বাস, বিশেষ অতিথি উপস্থিত ছিলেন সাবেক পৌর সভার মেয়র ও পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, জেলা বিএনপির প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক অধ্যক্ষ মোস্তফা সাইদ, জেলা বিএনপির শিশু বিষয়ক সম্পাদক ফারুকুল আলম শেখা, জেলা বিএনপির শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক আব্দুর সবুর খান, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন আর রশিদ, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, জেলা বিএনপির সহ-সাংগঠানিক সম্পাদক সাইদুর রহমান, উপজেলা

যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, সদস্য সচিব সেলিম রেজা মধু, উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, উপজেলা কৃষক দলের আহ্বায়ক রফিকুল ইসলাম, পৌর কৃষক দলে আহ্বায়ক ফিরোজ উদ্দিন মানিক, উপজেলা ছাত্র দলের আহ্বায়ক নাছির উদ্দীন লিয়ন, সদস্য সচিব হুমায়ূন কবির হিরা,পৌর ছাত্র দলের আহ্বায়ক সাজিদ আহমদ নিশু, পৌর ছাত্র দলের সদস্য সচিব ফজলে রাব্বি প্রমুখ। সে সময় উপজেলা বিএনপি,পৌর বিএনপি, যুবদল, ছাত্র দল, সেচ্ছাসেবক দল, শ্রমিক দল, কৃষক দল সহ সকল অঙ্গ সংগঠনের নেতা- কর্মী উপস্থিত ছিলেন। কর্মসূচি শেষে ইফতার অনুষ্ঠানের আয়োজন করেন।

সরকার চুরি- দুর্নীতিকে জাতীয়করণ করেছে — বাবু খান

দামুড়হুদায় নিত্য প্রয়োজনীয় দ্রব্য গ্যাস, বিদ্যুৎ, চাল, ডাল, তেল আটা, সার, ডিজেলসহ কৃষি উপকরণের লাগামহীন মূল্য বৃদ্ধির প্রতিবাদে এবং গণতন্ত্র পুনরুদ্ধার, ফ্যাসিস্ট সরকারের পদত্যাগ, বিএনপির নেত্রী বেগম খালেদাজিয়া ও নেতা কর্মীদের মুক্তিসহ ১০দফা দাবিতে দামুড়হুদা উপজেলা বিএনপি এই অবস্থান কর্মসূচি পালন করেছে।

গতকাল শনিবার বিকাল ৩টার দিকে দামুড়হুদা বাসট্যান্ড সংলগ্ন হাসিনা সুপার মার্কেটের সামনে এই অবস্থান কর্মসূচি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনিরের সভাপতিত্বে উক্ত অবস্থান কর্মসূচি ও ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক ও কেন্দ্রীয় কমিটির উপ-কোষাধ্যক্ষ মাহমুদুল হাসান খান বাবু।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বাংলাদেশের বর্তমান চিত্র আপনারা স্বচোখে দেখতে পাচ্ছেন, নিত্য প্রয়োজনীয় দ্রব্যের লাগামহীন দাম থাকার কারণে সাধারণ মানুষের নাভীস্বাস উঠেছে। সবকিছু এখন সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে। সাধারণ মানুষ এখন

খুবই কষ্টে আছে। সরকার চুরি- দুর্নীতিকে জাতীয়করণ করেছে।মানুষ ভোটের সময় নিজের ভোট প্রয়োগ করতে পারছেনা। তাই গণতন্ত্র পুনরুদ্ধারের জন্য এখন আমাদের একটাই দাবি নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে আগামী নির্বাচন হতে হবে। তা না হলে এই নির্বাচনে বিএনপি যাবে না।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্য সচিব শরিফুজ্জামান শরিফ। এসময় তিনি বলেন, মিথ্যা হামলা মামলা দিয়ে বর্তমানে বিএনপির নেতা কর্মীদের দমিয়ে রাখতে পারবে না। মিথ্যা মামলা না দিয়ে নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন দিয়ে দেখুন, দেখবেন আপনাদের আওয়ামী লীগের ভরাডুবি হয়েছে, দেশের জনগণ ভোটের মাধ্যমে আপনাদের জবাব দিয়ে দিবে, জনগণ আওয়ামী লীগ সরকারকে আর চায়না।

বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির অন্যতম সদস্য আব্দুর জব্বার সোনা, দার্শনা থানা বিএনপির সভাপতি খাজা আবুল হাসনাত, জীবন নগর উপজেলা বিএনপির সভাপতি আনোয়ার হোসেন খান সফি, জেলা বিএনপির সদস্য সভানেত্রী রোউফুন নাহার রিনা, জেলা কৃষক দলের আহবায়ক মোকাররম হোসেন, জেলা বিএনপির সদস্য হাবিবুর রহমান বুলেট, জেলা বিএনপির সদস্য সালমা জাহান পারুল, জেলা যুব দলের সাধারণ সম্পাদক সাইফুর রশিদ ঝন্টু, জেলা ছাত্র দলের সভাপতি শাজাহান খান, সাধারণ সম্পাদক মোমিন মালিতা, দামুড়হুদা থানা বিএনপির সুপার ফাইভ সিঃ সহসভাপতি আ: ওয়াহেদ, যুগ্ন সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম। দামুড়হুদা থানা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক ইকরামুল হক।

এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ঈদ্রীস আলী, সাধারণ সম্পাদক রুহুল আমিন, নাটুদহ ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সাধারণ সম্পাদক ওসমান গনি, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সাধারণ সম্পাদক সাঈদ বিশ্বাস, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার।

দামুড়হুদা যুবদলের আহবায়ক মাহবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, সোহেল রানা, দামুড়হুদা থানা ছাত্র দলের সভাপতি আফজালুল হক সবুজ, সাধারণ

সম্পাদক সুলতান আহাম্মেদসহ থানা ও ইউনিয়ন বিএনপির অঙ্গসংগঠনের নেতা কর্মীবৃন্দ।

সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা থানা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

গাংনীতে বিস্ফোরক মামলায় ৩ বিএনপি নেতা আটক

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করে বিস্ফোরক মামলায় বিএনপির ৩জন নেতাকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

গতকাল শুক্রবার (০৭ এপ্রিল) দিবাগত রাতে পুলিশের অভিযানে উপজেলার তেরাইল গ্রামের মৃত জবেদ আলী বিশ্বাসের ছেলে ও বামন্দী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নওশাদ আলী, এলাঙ্গী গ্রামের মোহাম্মদ আলীর ছেলে ও কৃষকদল নেতা বজলুর রশিদ এবং চেংগাড়া গ্রামের নঈমদ্দিনের ছেলে ও ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক নুরুল ইসলামকে আটক করা হয়।

এদিকে গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু বলেন, বিভিন্ন সময়ে আমাদের নেতাকর্মীদের হয়রানি মূলক মিথ্যা মামলা দিয়ে কারাগারে রাখা হচ্ছে। আবার একাধিক মামলার জন্য দিনের পর দিন আদালতে হাজিরা দিতে গিয়ে সংসার চালাতে হিমশিম খাচ্ছে। আমি অবিলম্বে এই মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানাচ্ছি।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গাংনী পৌর এলাকার উত্তরপাড়ার পরিত্যক্ত মৎস্য হ্যাচারির মধ্যে দুটি বোমার বিস্ফোরন ও ঘটনাস্থল থেকে তিনটি বোমা উদ্ধারের ঘটনায় সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান শিপু বাদী হয়ে বিএনপি ও অঙ্গ সংগঠনের ১১ জন নেতাকর্মীর নাম উল্লেখসহ অজ্ঞাত আরো ২০ জনের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা ও বিম্ফোরক আইনে একটি মামলাটি দায়ের করেন। সেই

ধারাবাহিকতায় গতকাল শুক্রবার রাতে গাংনী থানা পুলিশের এসআই মাসুদ রানা নেতৃত্বে পুলিশের একটি দল অভিযান চালিয়ে ৩জনকে আটক করে। তাদের আজ শনিবার আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগর উপজেলা বিএনপির অবস্থান কর্মসূচী অনুষ্ঠিত

বিদ্যুৎ, গ্যাস, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, আওয়ামী লীগ সরকারের সন্ত্রাস দুর্নীতির প্রতিবাদসহ ১০ দফা দাবি বাস্তবায়নের দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেছে মুজিবনগর উপজেলা বিএনপি।

আজ শনিবার বিকেল সাড়ে ৪টার দিকে মুুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজার সাপ্তাহিক হাট প্রাঙ্গণে এই অবস্থান কর্মসূচি পালন করা হয়।

মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলামের সভাপতিত্বে অবস্থান কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

মেহেরপুর পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক বদর উদ্দিন বিশ্বাস।

জেলা যুবদলের সভাপতি জাহিদুর রহমান জাহিদ,মুজিবনগর উপজেলা যুবদলের সভাপতি আবুল হাসান,সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক জুলফিকার আলী ভুট্টো, উপজেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, সাধারণ সম্পাদক আফিরুল ইসলাম প্রমুখ । এছাড়াও অবস্থান কর্মসূচিতে উপজেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের শত শত নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত

গ্যাস,বিদ্যুৎ,চাল,ডাল,তেল,কৃষি উপকরণ, শিক্ষা উপকরণসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমুল্য বৃদ্ধির প্রতিবাদে, গণতন্ত্র পূনরুদ্ধার এবং ফ্যাসিষ্ট সরকারের পদত্যাগসহ ১০ দফা দাবীতে মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৮ এপ্রিল) সকাল ১০টা থেকে বেলা ১২টা পর্যন্ত জেলা বিএনপি কার্যালয়ের সামনে এ অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাডঃ মারুফ আহমেদ বিজনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন ।

মেহেরপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক ও সাবেক আমঝুপী ইউপি চেয়ারম্যান সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লা বাবুল মাস্টার, যুগ্ম সম্পাদক আব্দুর রহিম, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শাহাবদ্দিন মোল্লা, সদর উপজেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, মেহেরপুর পৌর বিএনপির সাধারন সম্পাদক আবু ওবাইদুল্লাহ সেন্টু, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, জেলা মৎস্যজীবী দলের সাবেক সভাপতি শ্রী গুরুদাস হালদার, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু, সদর উপজেলা যুবদলের সভাপতি লিয়াকত আলী, পৌর যুবদলের সভাপতি সামিউল ইসলাম লিজন, সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি শহিদুল ইসলাম সেন্টু, সাধারন সম্পাদক ইলিয়াস হোসেন, জেলা ছাত্রদলের সহ-সভাপতি আলমগীর হোসেন চাঁদ প্রমুখ। এছাড়াও অবস্থান কর্মসুচীতে বিএনপি ও অঙ্গ-সংগঠনের শতশত নেতাকর্মী উপস্থিত ছিলেন ।

কার্পাসডাঙ্গায় ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামীলীগের নেতা- কর্মীদের নিয়ে মতবিনিময় সভা

দামুড়হুদা কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের হলরুমে আজ শুক্রবার বিকাল ৪টার সময় ইউনিয়ন ও ওয়ার্ড নেতাকর্মীদের নিয়ে মতবিনিময় করেন চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা করা।

এসময় উপস্থিত ছিলেন সাবেক উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি শহিদুল হক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজীর আহমেদ, ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হান্নান, ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল কাদের বিশ্বাস, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান (মুকুল), ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি লুুুৎফর রহমান, ২ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রেজাউল করিম মিন্টু, ৩ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ডা: রবিউল হক,সাধারণ সম্পাদক রবিউল ইসলাম (রবি), ৭ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি নাসির উদ্দীন, সাধারণ সম্পাদক আশরাফ আলী,৮ নং সভাপতি শহিদুল ইসলাম সর্দার, ৯ নং ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য সবুর উদ্দীন এছাড়াও ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক শরিফুজ্জামান শরিফ, ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক সানাউল কবির (শিরিন), বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল মালেক সহ কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিভিন্ন ওয়ার্ডের আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

এসময় চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস বলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্দেশে বঙ্গবন্ধুর আর্দশের গরীব দু:খি ও নেতাকর্মীদের বাড়ি বাড়ি যেয়ে তাদের সার্বিক খোঁজ খবর নিতে হবে, এবং চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য উন্নয়নের রুপকার হাজী আলী আজগর টগরের হাতকে শক্তিশালী করতে হবে। তিনি আরো বলেন আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নৌকাকে বিজয়ী করার লক্ষ্যে সকল নেতাকর্মীদের এক হয়ে কাজ করতে হবে। সর্বশেষ ইফতার পার্টির

আয়োজন করা হয়।

মেহেরপুরে জাতীয় মহিলা পার্টির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল

মেহেরপুরে জাতীয় মহিলা পার্টির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

শুক্রবার পৌরসভা ৯ নং ওয়ার্ডে জাতীয় মহিলা পার্টির আয়োজনে ওয়ার্ড কমিটি গঠন, ইফতার ও দোয়া মাহফিলের অনুষ্ঠিত হয়।

৯ নং ওয়ার্ড জাতীয় মহিলা পার্টির আহ্বায়ক শেফালী খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলা জাতীয় মহিলা পার্টির আহ্বায়ক সোনিয়া খাতুন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা জাতীয় পার্টির যুগ্ন আহ্বায়ক বেলীনা খাতুন, রওশন আরা।

এছাড়াও এসময় জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হামিদ, সদস্য মামলত হোসেন, নজরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপি’র অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত

গ্যাস, বিদ্যুৎ, চাল, ডাল, তেল, কৃষি উপকরণ, শিক্ষা উপকরণসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমুল্য বৃদ্ধির প্রতিবাদে ও গণতন্ত্র পূনরুদ্ধার এবং ফ্যাসিষ্ট সরকারের পদত্যাগসহ ১০ দফা দাবীতে মেহেরপুর জেলা বিএনপি’র অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১ এপ্রিল) সকাল সাড়ে ১০ থেকে দুপুর ১টা পর্যন্ত জেলা বিএনপি কার্যালয়ের সামনে অবস্থান কর্মসুচী অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সহ-সাংগঠনিক (খুলনা বিভাগ) জয়ন্ত কুমার কুন্ডু ।

মেহেরপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য রাখেন জেলা বিএনপির সাধারন সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেন, সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিণ্টন, সহ-সভাপতি আব্দুর রহমান, সহ-সভাপতি আলমগীর খাঁন সাতু, মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাাডঃ মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লা বাবুল মাস্টার, যুগ্ম সম্পাদক ফয়েজ মহাম্মদ, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম, মেহেরপুর পৌর বিএনপির সাধারন সম্পাদক আবু ওবাইদুল্লাহ সেন্টু, গাংনী পৌর বিএনপির সাধারন সম্পাদক মকবুল হোসেন মেঘলা, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, স্বেচ্ছাসেবক দলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা ছাত্রদলের সহ-সভাপতি আকিব জাভেদ সেনজির প্রমুখ।

এছাড়াও অবস্থান কর্মসুচীতে বিএনপি ও অঙ্গ-সংগঠনের শতশত নেতাকর্মী উপস্থিত ছিলেন ।

দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি সাধারণ সম্পাদকসহ ১৭ নেতাকর্মী কারাগারে

নাশকতা মামলায় দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি, সাধারণ সম্পাদকসহ ১৭ নেতাকর্মীকে কারাগারে পাঠানো হয়েছে। মঙ্গলবার বেলা

১২ টার দিকে চুয়াডাঙ্গা জেলা দায়রা জজ আদালতে হাজির হয়ে জামিনের আবেদন করলে বিচারক মো. জিয়া হায়দার জামিন না মঞ্জুর করে তাদেরকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

আটকরা হলেন-দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, নাটুদহ ইউনিয়ন বিএনপির সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক ওসমান গনি, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ইদ্রিস আলী, সাধারণ সম্পাদক রুহুল আমিন, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, সদস্য রফিকুল ইসলাম, সুমন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক সাঈদ বিশ্বাস ও চুয়াডাঙ্গা জেলা কৃষকদলের আহবায়ক মোর্কারম হোসেন।

উল্লেখ্য, গত ৯ মার্চ বৃহস্পতিবার রাত ১০ টার দিকে দামুড়হুদা পাইলট হাইস্কুল মাঠে বিএনপির ৫০-৬০ জন নেতাকর্মী সরকার বিরোধী কর্মকাণ্ড করার লক্ষ্যে গোপন বৈঠক করছে, এমন সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে পুলিশের একটি বিশেষ টিম ঘটনাস্থলে অভিযান চালায়।

এ সময় পুলিশের উপস্থিতি টের পেয়ে ককটেলের বিস্ফোরণ ঘটিয়ে কয়েকজন পালিয়ে যায়। পুলিশ ঘটনাস্থল থেকে বিএনপির ৫ জন নেতাকর্মীকে গ্রেপ্তার করেন। তাদের কাছ থেকে ৭ টি বোমা সাদৃশ্য বস্তু ও ১৫ টি বাঁশের লাঠি উদ্ধার হয় বলে পুলিশ দাবি করেন। এ ঘটনায় এসআই সোয়াদ বিন মোবারক বাদী হয়ে দামুড়হুদা মডেল থানায় বিশেষ ক্ষমতা আইনের ২২ জনের নাম উল্লেখসহ অজ্ঞাতনামা আরও ২০/২৫ জনের নামে মামলা দায়ের করেন।

মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই তাপস কুমার জানান, এজাহার নামীয় ২২ জন আসামির মধ্যে ১৭ জন হাইকোর্ট থেকে ৬ সপ্তাহের জামিনে ছিলেন। মঙ্গলবার জামিনের মেয়াদ শেষে নিম্ন আদালতে জামিনের জন্য হাজির হলে তাদেরকে জেলহাজতে পাঠান বিচারক মো.জিয়া হায়দার। এ ছাড়া এজাহার নামীয় অপর ৫ জন আসামি জামিনে আছেন।

মেহেরপুরে জেলা বিএনপির স্বাধীনতা দিবস পালন

মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে শোভাযাত্রা ও পুস্পস্তবক অর্পণ করা হয়েছে।

গতকাল সকালে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে জেলা বিএনপির কার্যালয় থেকে শোভযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে কলেজ মোড়ে গিয়ে শেষ হয়। পরে শহিদ স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ করা হয়।

এসময় সদর উপজেলা বিএনপির সভাপতি মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাহাবদ্দিন, মনিরুল ইসলামসহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা শোভাযাত্রা ও পুস্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশ নেন।